আওয়ামী লীগের সিদ্ধান্তে দেশ পানিবঞ্চিত হয়েছে: মির্জা ফখরুল



মির্জা ফখরুল ইসলাম। ছবি: সংগৃহীত

আওয়ামী লীগের নীতির কারণেই দেশ পানির ন্যায্য হিস্যা হারিয়েছে বলে মন্তব্য করেছেন বিএনপি মহাসচিব ও স্থানীয় সরকারমন্ত্রী মির্জা ফখরুল ইসলাম আলমগীর। তিনি বলেন, ফারাক্কা বাঁধ চালুর অনুমতি দিয়ে তৎকালীন সরকার দেশের স্বার্থ উপেক্ষা করেছিল, যার প্রভাব এখনো উত্তর-পশ্চিমাঞ্চলের মানুষ বহন করছে।

শুক্রবার (১৫ মে) ঐতিহাসিক ফারাক্কা দিবস উপলক্ষে দেওয়া এক বাণীতে তিনি এসব কথা বলেন।

মির্জা ফখরুল বলেন, ১৯৭৬ সালের ১৬ মে মওলানা আবদুল হামিদ খান ভাসানীর নেতৃত্বে লাখো মানুষ গঙ্গার পানির ন্যায্য হিস্যার দাবিতে ফারাক্কার উদ্দেশ্যে লংমার্চে অংশ নিয়েছিল। তিনি অভিযোগ করেন, ভারত একতরফাভাবে পানি প্রত্যাহার করায় দেশের উত্তর-পশ্চিমাঞ্চলে পরিবেশ ও জীববৈচিত্র্যের ভারসাম্য নষ্ট হয়েছে।

তিনি আরও বলেন, জনগণের মতামত উপেক্ষা করে আওয়ামী লীগ সরকার পরীক্ষামূলকভাবে ফারাক্কা বাঁধ চালুর অনুমতি দিয়েছিল। পরে সেই বাঁধ স্থায়ীভাবে চালু থাকায় দেশের জন্য তা বড় সংকটে পরিণত হয়েছে।

বিএনপি মহাসচিবের দাবি, আন্তর্জাতিক আইন ও চুক্তিকে উপেক্ষা করে অভিন্ন নদীগুলোতে একের পর এক বাঁধ নির্মাণ বাংলাদেশের জন্য দীর্ঘমেয়াদি হুমকি তৈরি করছে। তিনি বলেন, ফারাক্কা দিবস দেশের অধিকার আদায়ের সংগ্রামে জনগণকে এখনো অনুপ্রাণিত করে।

শেষে তিনি ফারাক্কা দিবস উপলক্ষে নেওয়া সব কর্মসূচির সফলতা কামনা করেন।